
NABAROBI KIRON
TOUCHING HEAVEN ON FREQUENCY

Estd. 1967
SHAPING TOMORROW




# সারা বাংলা রবীন্দ্রসংগীত প্রতিযোগিতা

## (প্রথম বর্ষ)

'গানের ভিতর দিয়ে' – রবীন্দ্রগানে প্রতিভার অন্বেষণ। শহর থেকে শহরতলি, জেলা থেকে জেলা, ঘর থেকে ঘরে খোঁজ। এমনই ভাবনা নিয়ে পথ চলা শুরু। নব রবি কিরণের কর্ণধার এবং নব নালন্দার অধ্যক্ষ শ্রী অরিজিৎ মিত্রর উদ্যোগে নব রবি করণ এবং নব নালন্দা সংগীত শিক্ষায়তন আয়োজিত এই রবীন্দ্রসঙ্গীত প্রতিযোগিতা গানের ভিতর দিয়ে-এর আনুষ্ঠানিক সুচনা ঘটে ২০২১ এর ৪ঠা ডিসেম্বর। নালন্দা ভবনে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলা সংস্কৃতি জগতের যে বিশিষ্ট ব্যক্তিত্বরা তাঁরা হলেন দেবাশীষ কুমার, অলকানন্দা রায়, বিপ্লব মণ্ডল, শুভেন চট্টোপাধ্যায়, শ্রাবণী সেন, প্রবুদ্ধ রাহা, ব্রততী বন্দ্যোপাধ্যায়, জয়তী চক্রবর্তী, অগ্নিভ বন্দ্যোপাধ্যায়, অদিতি গুপ্ত, অলক রায়চৌধুরী, ইমন চক্রবর্তী, গৌতম ভট্টাচার্য, গৌরী বসু, চন্দ্রাবলী রুদ্র দত্ত, লোপামুদ্রা মিত্র এবং সুব্রত (বাবু) মুখোপাধ্যায়। আনুষ্ঠানিক উদ্বোধনের পর থেকে অনলাইন ও অফলাইনে আবেদনপত্র পূরণ করেছিলেন প্রায় ৫০০ জন প্রতিযোগী। তিনটি বিভাগে ভাগ করা হয় এই প্রতিযোগিতাকে- উন্মেষ (১০ থেকে ১৪ বছর), বিকাশ (১৫ থেকে ১৮ বছর) এবং ঐশ্বর্য (১৯ বছর থেকে তার উর্দ্ধে)। চূড়ান্ত পর্বের জন্য ১১০ জন প্রতিযোগী মনোনীত হয়েছিলেন। এই প্রতিযোগিতার প্রথম ধাপ অর্থাৎ প্রাক প্রাথমক পর্যায় অনলাইনে হয়েছিল। প্রাথমিক তথা দ্বিতীয় পর্যায় হয়েছিল কলকাতার নালন্দা ভবন এবং শান্তিনিকেতনের নব নালন্দা স্কুল প্রাঙ্গনে। প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় পর্যায়ের পরে চূড়ান্ত পর্ব (ফাইনাল) অনুষ্ঠিত হয় পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্র (EZCC), কলকাতা প্রাঙ্গনে। বিচারকের আসনে ছিলেন অলক রায়চৌধুরী, বিপ্লব মণ্ডল, প্রমিতা মল্লিক, অপালা বসু, অগ্নিভ বন্দ্যোপাধ্যায় এবং জয়তী চক্রবর্তী। এছাড়াও চূড়ান্ত পর্বের অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইমন চক্রবর্তী, লোপামুদ্রা মিত্র, অদিতি গুপ্ত, চন্দ্রাবলী রুদ্র দত্ত, প্রবুদ্ধ রাহা সহ বিশিষ্ট শিল্পীরা। প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে তুলে দেওয়া হয় নগদ পুরস্কার এবং সেই সঙ্গে সাক্ষরিত হয় নব রবি কিরণের ইউটিউব চ্যানেলে একটি করে মিউজিক ভিডিও করার চুক্তি। প্রথম পুরস্কার ১২ হাজার টাকা- উন্মেষ, বিকাশ এবং ঐশ্বর্য বিভাগ থেকে যথাক্রমে শাল্মলি দাস, মোহনা বেরা ও মিতালি মণ্ডল জিতে নেন। দ্বিতীয় পুরস্কার ৮ হাজার টাকা- উক্ত বিভাগক্রম থেকে শতভিষা মিশ্র, বিদিশা ব্যানার্জি ও শ্রুতি ব্যানার্জী লাভ করেন। তৃতীয় পুরস্কার ৫ হাজার টাকার বিজেতা যথাক্রমে তন্বঙ্গী মুখার্জী, অঙ্কিতা গিরি এবং অঙ্কিতা চক্রবর্তী। এছাড়াও বিচারকদের বিচারে বিশেষ পুরস্কার হিসাবে ছিল নব নালন্দার প্রাণপ্রতিষ্ঠাত্রী ভারতী মিত্রের নামে ভারতী মিত্র স্মৃতি পুরস্কার 'সুরের সাথী', এই পুরস্কার উন্মেষ বিভাগ থেকে সময়িতা মণ্ডল, বিকাশ বিভাগ থেকে সত্যজিত দেব রায় এবং ঐশ্বর্য বিভাগ থেকে পৌলমী চক্রবর্তী জিতে নেন। প্রত্যেক বিজয়ী নব নালন্দার রবীন্দ্রস্মরণ অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশনের সুবর্ণ সুযোগও লাভ করেন।

গানের ভিতর দিয়ে



# সারা বাংলা রবীন্দ্রসংগীত প্রতিযোগিতা

## (দ্বিতীয় বর্ষ)

নব রবি কিরণ এবং নব নালন্দা সঙ্গীত শিক্ষায়তনের উদ্যোগে আয়োজিত হতে চলেছে সারা বাংলা ব্যাপী রবীন্দ্রসঙ্গীত প্রতিযোগিতা 'গানের ভিতর দিয়ে'। ৩ ডিসেম্বর ২০২২ থেকে এই প্রতিযোগিতার ফর্ম অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই পাওয়া শুরু হয়েছিল। এই প্রতিযোগিতায় তিনটি বিভাগ ছিল উন্মেষ (১০ থেকে ১৪ বছর), বিকাশ (15 থেকে 18 বছর), ঐশ্বর্য (১৯ বছর ও তার উর্ধ্বে)।

প্রতিযোগিতায় বিচারকের আসনে ছিলেন জয়তী চক্রবর্তী, অপালা বসু সেন, অলক রায়চৌধুরী, সমীক পাল, অদিতি গুপ্ত, প্রবুদ্ধ রাহা, রঞ্জিনী মুখোপাধ্যায়, এরিনা মুখোপাধ্যায়, সিসপিয়া ব্যানার্জী প্রমুখ ব্যক্তিত্বরা।

প্রতিযোগিতায় বিজয়ীদের জন্য ছিল নব রবি কিরণ এর ইউটিউব চ্যানেলে একটি করে মিউজিক ভিডিও করার চুক্তি এবং নগদ পুরস্কার। প্রথম পুরস্কার ১২ হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার ৮ হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার ৫ হাজার টাকা। এছাড়াও বিজয়ীরা নব নালন্দার রবীন্দ্রস্মরণ অনুষ্ঠানে সঙ্গীত পরিবেশনের সুযোগ পেয়েছিলেন।

এই প্রতিযোগিতার প্রথম ধাপ অর্থাৎ প্রাক-প্রাথমিক পর্যায় অনলাইনে অনুষ্ঠিত হয়েছিল। স্থান নালন্দা ভবন (ঠিকানা: ২৫ সাদার্ন অ্যাভিনিউ কলকাতা ৭০০০২৬) এবং শান্তিনিকেতনের নব নালন্দা স্কুল (ঠিকানা: পশ্চিমপল্লী শান্তিনিকেতন)। তৃতীয় ও চূড়ান্ত পর্যায় অনুষ্ঠিত হয়েছিল ২১ এপ্রিল ২০২৩ অহীন্দ্র মঞ্চে।

## বিজয়ীদের নাম


**উন্মেষ বিভাগে** প্রথম শ্রীপর্ণিকা মিশ্র , দ্বিতীয় অভিরূপ মাইতি ও তৃতীয় আপ্তদূতী দাশগুপ্ত ।
**বিকাশ বিভাগে** প্রথম সুলগ্না গোস্বামী, দ্বিতীয় সত্যজিৎ দেবরায় ও তৃতীয় স্বস্তিকা পণ্ডিত ।
**ঐশ্বর্য বিভাগে** প্রথম প্রীতম চক্রবর্তী, দ্বিতীয় ধ্রুবজ্যোতি সিনহা ও তৃতীয় শ্রেয়া চক্রবর্তী ।

ভারতী মিত্রের স্মরণে স্মৃতি পুরস্কার '**সুরের সাথী**'র পুরস্কার প্রাপকরা ছিলেন উন্মেষ, বিকাশ ও ঐশ্বর্য বিভাগে যথাক্রমে তন্বঙ্গী মুখার্জী, রিতিকা চ্যাটার্জী ও জ্যোতির্ময় সেন।

NABAROBI KIRON
TOUCHING HEAVEN ON FREQUENCY

Estd. 1967
SHAPING TOMORROW

# গানের ভিতর দিয়ে



# সারা বাংলা রবীন্দ্রসংগীত প্রতিযোগিতা

## (তৃতীয় বর্ষ)

আনুষ্ঠানিক উদ্বোধন ২০ জানুয়ারি, ২০২৪
সন্ধ্যা ৬টায় নালন্দা ভবনে
সরাসরি সম্প্রচারিত হবে নব রবি কিরণের ইউটিউব চ্যানেলে ও ফেসবুক পেজে

**ফর্ম পাওয়া যাবে ২০ জানুয়ারি, ২০২৪ থেকে**
**ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ ১৭ মার্চ, ২০২৪**

অনলাইনে আবেদনপত্র পূরণের জন্য এবং প্রতিযোগিতা সম্পর্কে বিস্তারিত জানতে লগ অন করুন
**www.nrkevents.com**

অফলাইন প্রবেশ পত্র পাওয়া যাবে
১) নালন্দা ভবন (২৫, সাদার্ন অ্যাভেনিউ, কলকাতা- ২৬)
২) বাওয়ালি মণ্ডল রোড
৩) নব নালন্দা (পশ্চিমপল্লী, শান্তিনিকেতন)

## প্রতিযোগিতার বিভাগসমূহ

উন্মেষ- বয়স (১০ বছর থেকে ১৪ বছর)। বিকাশ- বয়স (১৫ বছর থেকে ১৮ বছর)
ঐশ্বর্য- বয়স ১৯ বছর ও তার ঊর্ধ্বে

## প্রতিযোগিতার পুরস্কার

প্রথম পুরস্কার ১২,০০০ টাকা। দ্বিতীয় পুরস্কার ৮,০০০ টাকা
তৃতীয় পুরস্কার ৫,০০০ টাকা।

**প্রতিটি বিভাগের প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় স্থানাধিকারীদের নব রবি কিরণের Youtube চ্যানেল-এ একটি করে মিউজিক ভিডিও করার এবং নব নালন্দার রবীন্দ্রস্মরণ অনুষ্ঠানে গান গাওয়ার সুযোগ থাকবে।**

এছাড়াও থাকছে বিশেষ পুরস্কার - নব নালন্দার প্রাণ প্রতিষ্ঠাত্রী ভারতী মিত্রের নামে
**ভারতী মিত্র স্মৃতি পুরস্কার 'সুরের সাথী'।**

**প্রবেশমূল্য-৫০০ টাকা**

যোগাযোগ
**9903360341/ 90888 14511 (Kolkata & Santiniketan)**
**6289154339 (Kolkata)/ 8910142325 (Santiniketan)**

**সমগ্র অনুষ্ঠানটি পরিকল্পনা এবং রুপায়ণে নব রবি কিরণের কর্ণধার শ্রী অরিজিৎ মিত্র**

NABAROBI KIRON
TOUCHING HEAVEN ON FREQUENCY

Estd. 1967
SHAPING TOMORROW

# সারা বাংলা রবীন্দ্রসংগীত প্রতিযোগিতা (তৃতীয় বর্ষ)






## দ্বিতীয় পর্যায়ের নিয়মাবলী ও সময়সূচী

*দ্বিতীয় পর্যায়টি হবে অফলাইনে। দ্বিতীয় পর্যায়ের স্থান দুটি। প্রথমটি কলকাতার নালন্দা ভবন (২৫, সাদার্ন এভিনিউ, কলকাতাগ ২৬) এবং দ্বিতীয়টি নব নালন্দা স্কুল (পশ্চিমপল্লী, শান্তিনিকেতন)। প্রতিযোগিরা নিজেদের সুবিধামত স্থান বেছে নেওয়ার সুযোগ পাবে।
* নির্বাচিত গানের সর্বোচ্চ সময়সীমা চার মিনিট।
* হারমোনিয়াম ও তানপুরার ব্যবস্থা প্রতিষ্ঠানের তরফ থেকে করা হবে। প্রতিযোগীদের হারমোনিয়াম অথবা তানপুরার সাহায্য নিতে হবে। অন্য কোনো যন্ত্র এই পর্যায়ে গ্রাহ্য হবে না। প্রতিযোগীর পক্ষে কেউ হারমোনিয়াম বা তানপুরা বাজিয়ে দিতে পারবেন না। সংস্থার পক্ষ থেকে তবলা এবং তবলাবাদক থাকবেন তবে কেউ চাইলে তবলাবাদক সঙ্গে আনতে পারেন।
* গানের তিনটি প্রতিলিপি পত্র জমা দিতে হবে।
* মুক্তছন্দ তথা তালছাড়া গান গৃহীত হবে না।
* বিচারকদের সিদ্ধান্তই চূড়ান্ত।
*শান্তিনিকেতনে প্রতিযোগিতা হবে ৩০ মার্চ ২০২৪ এবং কলকাতায় প্রতিযোগিতা হবে ৩১ মার্চ ২০২৪
* দ্বিতীয় পর্যায়ের ফল প্রকাশ হবে ১ এপ্রিল ২০২৪
* এই পর্বে নির্বাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের অফিশিয়াল ফেসবুক পেজে (facebook.com / NabaRobiKiron)

## প্রথম পর্যায়ে অংশগ্রহণের নিয়মাবলী ও সময়সূচী

* অনলাইন ও অফলাইন আবেদন পত্র পাওয়া যাবে ২০ জানুয়ারি ২০২৪ থেকে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ১৭ মার্চ ২০২৪। আবেদনপত্র জমা দেওয়ার পর একটি ভিডিও অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে। ভিডিও জমা দেওয়ার শেষ তারিখ ১৭ মার্চ ২০২৪।
আবেদন পত্রের সঙ্গে অবশ্যই বয়সের প্রমাণপত্র জমা দিতে হবে।
*প্রত্যেক আবেদনপত্র জমা দেওয়ার পর একটি করে ইউনিক কোড পাবেন যা সযত্নে রাখতে হবে। পরবর্তী পদক্ষেপে এই নম্বরের বিশেষ প্রয়োজনীয়তা থাকবে।
*আবেদনপত্র দেওয়ার পর একটি ভিডিও অনলাইনের মাধ্যমে জমা দিতে হবে। ভিডিওতে গান শুরুর আগে প্রতিযোগীকে নিজের নাম, বয়স, বিভাগের নাম এবং ইউনিক কোড উল্লেখ করতে হবে। হারমোনিয়াম অথবা তানপুরা এবং তালবাদ্যের ব্যবহার করতে হবে। প্রতিযোগিকে হারমোনিয়াম নিজে বাজাতে হবে।
* গানের সময়সীমা সর্ব্বোচ্চ ৪ মিনিট।
*ভিডিও ল্যান্ডস্কেপ মোডে রেকর্ডিং করতে হবে অন্যথায় বাতিল বলে গণ্য হবে। কোনোরকম সাউন্ড এফেক্ট (রিভার্ব, ডিলে) ব্যবহার করা যাবে না। ভিডিও এডিটিং অ্যাপে নেওয়া কঠোরভাবে নিষিদ্ধ।
* গানের শুরুতে এবং মাঝে কোনো প্রিলিউড এবং ইন্টারলিউডের ব্যবহার করা যাবে না।
* মুক্তছন্দ তথা তালছাড়া গান গৃহীত হবে না।
* এই পর্যায়ের ফল ঘোষণা হবে ২০ মার্চ ২০২৩ (সমস্ত প্রতিযোগী)
* এই পর্বে নির্বাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের অফিশিয়াল ফেসবুক পেজে (facebook.com / NabaRobikironOfficial)।

## তৃতীয় পর্যায়ের নিয়মাবলী এবং সময়সূচী

* তৃতীয় পর্যায়টি অনুষ্ঠিত হবে ৬ এপ্রিল এবং ৭ এপ্রিল ২০২৪ কলকাতায়।
* ফলাফলের দিন ঘোষণা করা হবে ১০ এপ্রিল ২০২৪।
* এই পর্বে নির্বাচিত প্রতিযোগীদের নাম জানানো হবে নব রবি কিরণের ফেসবুক পেজে (Facebook.com /NabaRobiKiron)

## চূড়ান্ত পর্যায়ের নিয়মাবলী ও সময়সূচী

* বিচারকদের ইচ্ছা অনুসারে প্রতিযোগীকে একাধিক গান গাইতে হতে পারে এবং গান সংক্রান্ত প্রশ্নের উত্তর দিতে হতে পারে।
* প্রতিযোগীকে ঐদিন দর্শকদের উপস্থিতিতে গাইতে হবে। এই পর্যায় অনুষ্ঠিত হবে কলকাতায়।
* প্রতিষ্ঠানের পক্ষ থেকে যন্ত্রানুসঙ্গের ব্যবস্থা থাকবে। এক্ষেত্রে প্রতিযোগীর আনা কোনো যন্ত্রশিল্পীকে গ্রাহ্য করা হবে না।
* নির্বাচিত প্রতিযোগীদের গ্রুমিং করানো হবে ২৫ এপ্রিল ২০২৪।
* চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে ২৮ এপ্রিল ২০২৪ অহীন্দ্র মঞ্চে।